গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল ৪,৫,৬)

১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০

www.bfsa.gov.bd

**বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আব্দুল কাইউম সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

তারিখ : ১২ অক্টোবর, ২০২৩ খ্রি:

সময় : দুপুর ০২.০০ ঘটিকা

স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপ-পরিচালক জনাব মো: রকিবুল হাসান কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভায় নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | প্রতি ত্রৈমাসিকের ১ম মাসেই নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ফোকাল পয়েন্ট |
| ২ | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথা সময়ে সকল সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেওয়া হয়। এছাড়াও Out of the box কার্যক্রম হিসেবে দেশব্যাপী স্ট্রিট ফুড জোনে নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে হ্যান্ড মাইকিং করার বিষয়ে আলোচনা হয়। | যথা সময়ে সকল সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। স্ট্রিট ফুড জোনে নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে হ্যান্ড মাইকিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) ফোকাল পয়েন্ট<br>(২) পরিচালক (খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম শাখা) |
| ৩ | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর আওতায় ২য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। অতঃপর ২য় প্রান্তিকের নির্ধারিত সভাটি যেন যথা সময়ে পাঠ পর্যায়ে আয়োজন করা হয় সে বিষয়ে আলোচনা করা | ২য় প্রান্তিকের নির্ধারিত সভাটি ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে সিরাজগঞ্জ জেলায় আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ফোকাল পয়েন্ট |

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | হয়। | | |
| ৪ | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | সভায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। চলতি প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী হেড অফিসে কর্মরত ৩০ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | ২য় ত্রৈমাসিকে প্রধান কার্যালয়ে কর্মরত ৯ম থেকে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ৫ | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | সভায় কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিতকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে কি কি করণীয় হতে পারে সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়। | ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন অভিযান পরিচালনাসহ কর্তৃপক্ষের প্রতিটি লেভেলের পরিচ্ছন্নতা আরও বৃদ্ধি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ৬ | ১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ২৯-১০-২০২৩ তারিখে আওতাধীন জেলা এবং মেট্রোপলিটন কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |
| ৬ | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের বিষয়ে (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) সভায় আলোচনা করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনার ২৫% যথাযথ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক |
| ৭ | ২.৩ বাজেট বাস্তবায়ন | ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট (রাজস্ব ও উন্নয়ন বাজেট) যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিকের মধ্যে ২৫% বাজেট বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ৮ | ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিকে PIC প্রকল্পের দুটি সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে যথাসময়ে PIC সভা নির্ধারিত ছক মোতাবেক প্রকল্প সংখ্যা ও কার্যক্রম উপস্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | প্রকল্প পরিচালক |

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৯ | ৩.২ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার প্রেস বিজ্ঞপ্তি ওয়েবসাইট, সোস্যাল মিডিয়ায় ও ফিডব্যাক গ্রহণ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরিচালিত মোবাইল কোর্ট পরিচালনার প্রেস বিজ্ঞপ্তি নিয়মিতভাবে ওয়েবসাইট ও সোস্যাল মিডিয়ায় প্রকাশসহ ফিডব্যাক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ টি মোবাইল কোর্ট পরিচালনার প্রেস বিজ্ঞপ্তি ওয়েবসাইট ও সোস্যাল মিডিয়ায় প্রকাশ ও প্রদত্ত ফিডব্যাকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম শাখা) |
| ১০ | ৩.৩ সফটওয়্যারের মাধ্যমে ঝুঁকিভিত্তিক খাদ্য স্থাপনা মনিটরিং | সভায় সফটওয়্যারের মাধ্যমে ঝুঁকিভিত্তিক খাদ্য স্থাপনা মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়। | সফটওয়্যারের আওতাধীন জেলাসমূহে ঝুঁকিভিত্তিক খাদ্যমান মনিটরিং কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালু রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালক |
| ১১ | ৩.৪ হটলাইনের (১৬১৫৫) মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির মাধ্যমে সেবা প্রদান | নিরাপদ খাদ্য বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য হটলাইনের (১৬১৫৫) মাধ্যমে সেবা প্রদান জোরদারকরণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | হটলাইনের (১৬১৫৫) মাধ্যমে সেবা প্রদান ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনে গৃহীত অভিযোগ ও প্রদত্ত সমাধানের বিষয় অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালক |
| ১২ | ৩.৫ রপ্তানিযোগ্য খাদ্য পণ্যের স্বাস্থ্য সনদের অনলাইন আবেদন চালুকরণ | রপ্তানিযোগ্য খাদ্য পণ্যের স্বাস্থ্য সনদের অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীগণ কর্তৃক প্রাপ্ত সমস্যাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | রপ্তানিযোগ্য খাদ্য পণ্যের স্বাস্থ্য সনদের অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রাপ্ত সমস্যাসমূহ সমাধানপূর্বক অনলাইন স্বাস্থ্য সনদ নির্ধারিত সময়ে প্রদান নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কো-অর্ডিনেটর |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/১০/২৩

(মো: আব্দুল কাইউম সরকার)
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর : ১৩.০২.০০০০.৯০০.৫৪.০০৫.২৩ – ১৯

তারিখ : ১২-১০-২০২৩ খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৩। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৪। অতিরিক্ত পরিচালক, (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৬। ৯ম গ্রেডের কর্মকর্তা, প্রধান কার্যালয় (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

**<u>সদয় অবগতির জন্য:</u>**

১। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২.০৩.২০২৬
মো: রকিবুল হাসান
উপ-পরিচালক
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ